Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 21 April, 2025

রাজশাহীর পুঠিয়া উপজেলার জিউপাড়া ইউনিয়নের সৈয়দপুর গ্রামে জমির আইল কাটাকে কেন্দ্র করে স্থানীয় দুই পক্ষের মধ্যে সংঘর্ষ ঘটনা ঘটেছে।

গত ১৮ এপ্রিল শুক্রবার বিকাল ৪ টার সময় এই সংঘর্ষ হয়।

জানা যায়, জমির আইলকাটা নিয়ে মোতালেব হোসেন বাড়িতে এসে আনছের পক্ষ হামলা করে। এতে মোতালেব পক্ষের ৩জন আহত হয়েছে। দুইপক্ষের লোকজন নিজ নিজ জমিতে আবাদ করার জন্য জমিতে চাষ করার সময় জমির আইল কাটেন। এতে মোতালেব পক্ষের পাশে থাকা জমির আইল ছোট করে ফেলেন আনছের। উক্ত বিষয় নিয়ে উভয় পক্ষের মধ্যে কথা কাটাকাটি হয়। পরবর্তী দুই পক্ষের উত্তেজনা সৃষ্টি হলে উভয় পক্ষের মধ্যে মারামারি সংগঠিত হয়। এতে আহত হন, নূর মোহাম্মদের ছেলে মোতালেব হোসেন (৬০) , মোতালেব হোসেনের ছেলে ওসমান গনি(২৮) এবং আবুল হোসেনের ছেলে মিলন হোসেন(২৫) উভয় গ্রাম জিউপাড়া ইউনিয়নের সৈয়দপুর। ভুক্তভোগীরা আহত হয়ে পুঠিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

ভুক্তভোগী ওসমান গনি অভিযোগ করে বলেন, আমি দোকানে ছিলাম হঠাৎ বাসুদেবপুর এলাকার মনসুরের ছেলে আনছের আলী (৬৫) ,তোফাজুল (৩৫) ,রুস্তম আলী (৩৮) এবং ভালুক গাছি এলাকার মজিদের ছেলে ইমন (২৫) সহ ১২ থেকে ১৫ জন ক্যাডার বাহিনী আমার দোকানে ও বাড়িতে এসে হামলা করে।এ সময় আনছের আত্মীয় ভালুক গাছি ইউনিয়ন

এলাকার মজিদের ছেলে ইমন (২৫) ঘরে ঢুকে নগদ ৬০ হাজার টাকা ও স্বর্ণের অলংকার লুট করে নিয়ে যায়।এছাড়াও আমি সহ আমার বাবা চাচাতো ভাই ও আমার মা তারা মারধর করে। এ সময় তাদের কাছে বিভিন্ন দেশে অস্ত্রশস্ত্র ছিল।

এসব অভিযোগের বিষয়ে জানতে অভিযুক্ত আনছের এর বাসায় গেলে অভিযুক্তরা বাসা থেকে পালিয়ে যায়।পরে মুঠোফোনে একাধিক বার যোগাযোগ করার চেষ্টা করা হলেও আনছের কল ধরেননি।

এ বিষয়ে পুঠিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন বলেন, মোবাইল ফোনে সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন। অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।

পুলিশ রাজশাহী হাসপাতাল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 June, 2025 07:29

URL: https://timestodaybd.com/across-the-country/7758071165